ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২১৪৪</u>
আগরতলা,৫ আগস্ট,২০২৫

## খোয়াই জেলায় নিষিদ্ধ খাদ্য সামগ্রী বাজেয়াপ্তকরণ অভিযান

 

জনস্বাস্থ্য রক্ষায় খোয়াই জেলার বৈদ্যনাথ চৌমুহনী বাজারে গত ২ আগস্ট খোয়াই জেলা স্বাস্থ্য দপ্তরের মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের খাদ্য নিরাপত্তা বিভাগের উদ্যোগে এক অভিযান চালানো হয়। এই অভিযানে খোয়াই জেলা স্বাস্থ্য দপ্তরের মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের ফুড সেফটি অফিসার জেনিফার দেববর্মার নেতৃত্বে বিভিন্ন দোকানে মজুত নিষিদ্ধ খেসারি ডাল বাজেয়াপ্ত করা হয়। এই অভিযানে তার সঙ্গে ছিলেন এক্সটেনশন এডুকেটর জয়ন্তী দেববর্মা।এই অভিযানে মোট ৫০ কেজি নিষিদ্ধ খেসারি ডাল বাজেয়াপ্ত করে ঘটনাস্থলেই নষ্ট করে দেওয়া হয়। সব আইনি প্রক্রিয়া যথাযথভাবে নথিভুক্ত করা হয়েছে। এই উপলক্ষে খাদ্য ব্যবসায়ীদের সরকারি নিষেধাজ্ঞা সম্পর্কে সচেতন করা হয়। ফুড সেফটি অফিসার জেনিফার দেববর্মা ব্যবসায়ীদেরকে জানান যে অতিরিক্ত খেসারি ডাল খেলে 'ল্যাথিরিজম' নামক মারাত্মক স্নায়ুবিক রোগ হতে পারে, যা শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকর।এদিনের অভিযানে মোট ১০টি দোকান পরিদর্শন করা হয় এবং খাদ্য সামগ্রীর গুণমান পরীক্ষার জন্য ৬টি নমুনা সংগ্রহ করা হয়েছে। জনস্বার্থে এই ধরনের অভিযান আগামী দিনেও অব্যাহত থাকবে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****